




# সামাজিক যোগাযোগ মাধ্যমে যোগাযোগ করার উপায়



Digital  
Literacy  
Center

দোস্তু  
একটা কথা  
বলি কিছু মনে  
করিস না।

আরে কী মনে করবো?

আমার না ফেসবুক,  
মেসেঞ্জার, হোয়াটসআপ  
এগুলোতে অ্যাকাউন্ট  
নেই।

এই হ্যাঁ আমি তোকে এই কথাটা বলতাম।  
সেদিন কি যেন একটা ভিডিও পাঠাতে  
গিয়ে দেখি তোকে খুজেঁ পাচ্ছি না।

ভিডিও পাঠানো  
যায় নাকি?

হ্যাঁ বর্তমানে এই সামাজিক মাধ্যমগুলো  
শুধু যোগাযোগের ক্ষেত্রে নয়, বিভিন্ন  
প্রয়োজনীয় বার্তা আদান প্রদান, ছবি,  
ভিডিও শেয়ার করার জন্যও ব্যবহার করা  
হয়।

বাহ  
একটু বলনা  
কীভাবে কী  
করবো?

প্রথমে তোকে যা করতে হবে তা হলো  
মোবাইল ফোনের মাধ্যমে সামাজিক  
যোগাযোগ মাধ্যমগুলোর জন্য নির্দিষ্ট অ্যাপ  
প্লে স্টোর থেকে ডাউনলোড করতে হবে।

যেমন- ফেসবুক ব্যবহারের জন্য Facebook নামক  
অ্যাপ, ইমো ব্যবহার করার জন্য lmo, হোয়াটস্  
অ্যাপ ব্যবহার করার জন্য Whatsapp অ্যাপটি  
ডাউনলোড করে নিতে হবে।

এছাড়াও ওয়েব সাইটের মাধ্যমেও প্রবেশ  
করে যোগাযোগ করতে পারবি।

যেমন- ফেসবুকের ওয়েবসাইট হলো-  
<http://www.facebook.com>  
হোয়াটস্ অ্যাপের মাধ্যমে যোগাযোগের জন্য  
ওয়েব সাইট হলো-  
<https://web.whatsapp.com/>  
ইন্সটাগ্রামের ওয়েবসাইট হলো- [https://ww-  
w.instagram.com/](https://www.instagram.com/)  
যোগাযোগের জন্য সর্বপ্রথম এই মাধ্যমগুলোর  
অ্যাকাউন্ট খাকা লাগবে।

আচ্ছা।  
অ্যাকাউন্ট খুলবো  
কীভাবে?

দুইটা উপায়ে তুই সামাজিক মাধ্যমে  
অ্যাকাউন্ট খুলতে পারবি।

১) মোবাইল ফোন নম্বরের মাধ্যমে (যেমন -  
হোয়াটস্ অ্যাপ, ইমো, ভাইবার, মেসেঞ্জার)

২) ইমেইল একাউন্টের মাধ্যমে(যেমন-  
ফেইসবুক, ইন্সটাগ্রাম, টুইটার, লিংকড ইন)

বাহু তোকে  
অনেক  
ধন্যবাদ।

জলদি ধুলে ফেল।



আচ্ছা  
এইতো এখনি  
করছি।

